দৈনিক বাংলা

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

140

বাড়াবাড়ির পর্যায়ে চলে যায়। ছাত্রনেতারা মাইকে বার বার রং ছিটানো বন্ধের আহ্বান জানান। তবে এ আহ্বানে তেমন সাড়া মেলেনি।

## প্রদর্শনী, রক্তদান

ক্যাম্পাসের বিভিন্ন স্থানে আয়োজন করা হয় পোস্টার ও আলোকচিত্র প্রদর্শনীর। ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি টিএসসির সামনে আয়োজন করে আলোকচিত্র ও পত্রিকা প্রদর্শনী। প্রদর্শনীতে ঠাঁই পেয়েছিল সাম্প্রতিক গণ-আন্দোলনের ৭০টি উল্লেখযোগ্য আলোকচিত্র এবং বিভিন্ন পত্র-পত্রিকা। সারাদিন হাজার হাজার মানুষ এ প্রদর্শনী উপভোগ করেন।

সন্ধানী আয়োজন করে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীর। প্রো-ভাইস চ্যান্সেলর এমাজউদ্দীন আহমদ কর্মসূচীর উদ্বোধন করেন।

## এপিটাফ, ককটেল

গতকাল ক্যাম্পাসের সাড়া জাগানো দুটি প্রকাশনা ছিল এপিটাফ ও ককটেল। এরশাদের ব্যঙ্গচিত্র ও কবিতা সংবলিত এ দুটি পত্রিকা হটকেকের মত বিক্রি হয়। এছাড়া ক্যাম্পাসে সারাদিন ধরে ছড়ানো হয় এরশাদ সরকারের দুর্নীতির বয়ান এবং তার সহযোগীদের তালিকা সংবলিত অসংখ্য লিফলেট।

## সর্বদলীয় ছাত্রঐক্যের ঘোষণা

ডাকসুর সাধারণ সম্পাদক দুপুরে উৎসব মঞ্চ থেকে সর্বদলীয় ছাত্রঐক্যের পক্ষ থেকে একটি ঘোষণা দেন। এই ঘোষণায় বেশ কিছু সরকারী কর্মকর্তার নাম উল্লেখ করে এদের গণদুশমন হিসাবে চিহ্নিত করা হয় এবং দেশে-বিদেশে তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রীজ করা এবং বিদেশ গমন নিষিদ্ধ করার দাবী জানানো হয়। ঘোষণায় নীরু-অভির সহযোগীদের ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করার দাবী জানানো হয়।

## বিদেশীদের ভিড়

গতকালের উৎসবে যোগ দিয়েছিলেন অনেক বিদেশী নাগরিক। দল বেঁধে তাদেরকে উৎসবের বিভিন্ন অনুষ্ঠান উপভোগ করতে দেখা যায়। অনেকে উৎসবের স্মরণীয় মুহূর্তগুলি তাদের ক্যামেরায় বন্দী করেরাখেন।

## ক্যাম্পাসে রাজনৈতিক নেতৃবৃন্দ

আওয়ামী লীগ নেত্রী শেখ হাসিনাসহ অনেক রাজনৈতিক নেতা বিজয় উৎসব দেখতে ক্যাম্পাসে যান।

শেখ হাসিনা বিকাল পৌনে চারটায় একটি গাড়িতে ক্যাম্পাসে আসেন। রোকেয়া হলের সামনে গাড়ি থামিয়ে কিছুক্ষণ উৎসব দেখে ক্যাম্পাস ত্যাগ করেন। আর যেসব রাজনৈতিক নেতাকে গতকাল ক্যাম্পাসে দেখা গেছে তাদের মধ্যে ছিলেন আওয়ামী লীগের ডঃ কামাল হোসেন, আবদুল মান্নান, তোফায়েল আহমদ, মতিয়া চৌধুরী, বিএনপির বদরুদ্দোজা চৌধুরী, পাঁচ দলের নির্মল সেন, আবদুল্লাহ সরকার, টিপু বিশ্বাস খালেকুজ্জামান প্রমুখ। সাবেক ছাত্রনেতাদের অনেকে ক্যাম্পাসে দীর্ঘ সময় কাটান।

## একটি অপ্রীতিকর ঘটনা

সারাদিনের অনুষ্ঠানে সামান্য ছন্দপতন ঘটায় একটি অপ্রীতিকর ঘটনা। বিকেল সাড়ে তিনটায় শহীদ মিনারের পাশে একদল তরুণ হামলা চালায় জসীমউদ্দীন হল ছাত্র সংসদের ভিপি এরশাদ হোসেনের উপর। আহত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। হামলার কারণ জানা যায়নি।

## মানিকগঞ্জ

মানিকগঞ্জ থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানান ঃ গণতান্ত্রিক আন্দোলনের বিজয় উপলক্ষে সর্বদলীয় ছাত্র-ঐক্যের উদ্যোগে শনিবার মানিকগঞ্জ পুরাতন কোর্ট চত্বরে আয়োজিত এক সমাবেশে বক্তারা বিশৃংখলা সৃষ্টির যে কোন অশুভ পাঁয়তারার বিরুদ্ধে সদাসতর্ক থাকার জন্য জনগণের প্রতি আহবান জানিয়েছেন।

সভায় গৃহীত প্রস্তাবে এই জেলার ৪১ ব্যক্তিকে 'গণদুশমন' হিসাবে আখ্যায়িত করা হয়।

ছাত্রঐক্যের বিজয় উৎসব উপলক্ষে গতকাল সকাল থেকে রাত ৯টা পর্যন্ত গণসঙ্গীত ও দেশাত্মবোধক গানের আসর বসে।

## খুলনা

খুলনা থেকে আমাদের প্রতিনিধি জানান ঃ যুব সংগ্রাম পরিষদের উদ্যোগে শনিবার শহীদ হাদিস পার্কে অনুষ্ঠিত জনসভায় বক্তারা গণতন্ত্র সমুন্নত রাখার জন্য সকল গণতান্ত্রিক শক্তির প্রতি ঐক্যবদ্ধ থাকার আহবান জানান।

জনাব জালাল শরীফের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বক্তৃতা করেন শ্যামল সিংহ রায়, সাইফুল হক, উদয় দাশগুপ্ত, মঈনুল ইসলাম, এস জামান কুদ্দুস প্রমুখ।

## নেত্রকোনা

নেত্রকোনা থেকে আমাদের সংবাদদাতা জানান ঃ সম্মিলিত পেশাজীবী ও সাংস্কৃতিক জোট গতকাল নেত্রকোনা শহরে এক বিরাট মিছিল বের করে। গণতান্ত্রিক আন্দোলনের বিজয় উপলক্ষে আয়োজিত এই মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। মিছিলকারীরা পরে স্থানীয় শহীদ মিনারে গাজী মোশাররফ হোসেনের সভাপতিত্বে এক সভায় মিলিত হন। সভায় আল-আজাদ, রবীন্দ্র চক্রবর্তী, জালালউদ্দিন ফকির, মোস্তফা কামাল, মাহফুজুল হক, সানোয়ার হোসেন ভুইয়া, মনির হোসেন বরুণ ও হাফিজুর রহমান খান বক্তৃতা করেন।

বক্তারা সর্বক্ষেত্রে শান্তি বজায় রাখার জন্য জনগণের প্রতি আহবান জানান।

## নীলফামারী

নীলফামারী থেকে আমাদের সংবাদদাতা জানান ঃ ছাত্রঐক্য জোট নীলফামারী শাখা গতকাল শহরে এক বিরাট বিজয় মিছিল বের করে। মিছিলকারীরা বিভিন্ন স্লোগান দিতে দিতে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে এক সভা অনুষ্ঠিত হয়।